

সমৃদ্ধির ২০ বছরে প্রিমিয়ার ব্যাংক



২৬ অক্টোবর, ২০১৯ শনিবার এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে সমৃদ্ধি এবং সাফল্যের ২০ বছর উদযাপন করলো দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড। ব্যাংকের কার্যালয়ে দিন ব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বীর মুক্তিযোদ্ধা ডাঃ এইচ.বি.এম. ইকবাল। সমৃদ্ধিময় ২০ বছরের এই পথচলায় প্রিমিয়ার ব্যাংক বিভিন্ন অর্থনৈতিক খাত এবং দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার পাশাপাশি দেশের জনমানুষের আস্থা ও অর্জন করেছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব ডাঃ এইচ.বি.এম. ইকবাল এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ভাইস চেয়ারম্যান মঈন ইকবাল সহ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্যে আব্দুস সালাম মুশেদী, এম পি; মোহাম্মদ ইমরান ইকবাল, জামাল জি আহমেদ; উপদেষ্টা জনাব মুহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী এম. রিয়াজুল করিম (এফসিএমএ)। সবার প্রথমে সুদৃশ্য কেক কেটে এই বিশেষ উপলক্ষ্য উদযাপনের উদ্বোধন করেন ব্যাংকটির চেয়ারম্যান জনাব এইচ.বি.এম. ইকবাল। এসময় আরও উপস্থিত ছিলেন দেশসেরা বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকবৃন্দ, ব্যাংকের শুভানুধ্যায়ী, দেশসেরা বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ব্যাংকের উচ্চপদস্থ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান জনাব ডাঃ এইচ.বি.এম. ইকবাল বলেন, “শুরুটা হয়েছিলো সেই ১৯৯৯ সালে। তারপর থেকে আমরা মানুষের বিশ্বাস, আস্থা ও ভালোবাসায় আজকের অবস্থানে এসেছি। আমাদের ব্যাংক দেশের বিভিন্ন খাতে উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই সমৃদ্ধিময় উন্নয়নে আপনাদের সাহায্য ও ভালোবাসা ছাড়া আমরা আজকের অবস্থানে পৌঁছাতে পারতাম না।”

অপরদিকে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী জনাব এম. রিয়াজুল করিম (এফসিএমএ) সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, “সমৃদ্ধির এই পথচলা অব্যাহত থাকবে। বর্তমানে আমাদের ব্যাংকের খেলাপি ঋণের পরিমাণ নেমে এসেছে ৫ শতাংশের নিচে। এ ছাড়া অন্যান্য সূচকেও গত কয়েক বছরে ব্যাংকটি বেশ উন্নতি করেছে। গত এক বছরের ব্যবধানে আমাদের ব্যাংকের আমানতে ২২ শতাংশ, মুনাফায় ১৫ শতাংশের বেশি, রেমিট্যান্স আহরণে ৫৪ শতাংশের মতো প্রবৃদ্ধি হয়েছে। আশা করছি, আগামী পাঁচ বছরের মধ্যে এই ব্যাংকটি সব ধরনের সূচকে দেশের শীর্ষ পর্যায়ের একটি ব্যাংক হয়ে উঠবে।”

এছাড়াও ব্যাংকটির উপদেষ্টা জনাব মুহাম্মদ আলী বলেন, “বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। দেশের এই অগ্রযাত্রায় ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান এবং বীর মুক্তিযোদ্ধা জনাব ডাঃ এইচ.বি.এম. ইকবালের নেতৃত্বে বিগত বিশ বছরে সাহসী এবং অগ্রগতিশীল উন্নয়ন কৌশল গ্রহণের ফলে প্রিমিয়ার ব্যাংক উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।”

বিভিন্ন বক্তব্য শেষে, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান দিয়ে শেষ হয়ে যায়, সমৃদ্ধির ২০ বছরে প্রিমিয়ার ব্যাংক'-এর ২০ বছর পূর্তি উদযাপন।

(মোঃ জাকারিয়া রহমান)
হেড অব মিডিয়া কমিউনিকেশন
মোবাইলঃ ০১৭৮১৯১৩৩১৭

(মোঃ তারেক উদ্দিন)
এসভিপি, হেড অব ব্র্যান্ড মার্কেটিং এন্ড পি আর
মোবাইলঃ ০১৭৩০৩১১৬৭৬

The Premier Bank Limited

Head Office: Iqbal Centre (4th Floor), 42 Kemal Ataturk Avenue, Banani, Dhaka-1213, Bangladesh Tel: +88 02 9820844-8, Fax: +88 02 9820849, 9820808, SWIFT: PRMRBDDH, Email: info@premierbankltd.com, Website: www.premierbankltd.com